# মহিলাদের গার্হস্থ্য সহিংসতা আদালতের ওকালতি পরিষেবা



## সমর্থন দরকার? আমরা এখানে আপনাকে সাহায্য করার জন্য আছি!

গার্হস্থ্য এবং পারিবারিক সহিংসতা সম্পর্কে তথ্য এবং আদালতে সহায়তা

women's domestic violence court advocacy services

Legal Aid NEW SOUTH WALES

© Legal Aid Commission of NSW 2023

এই প্রকাশনাটি আইনের একটি সাধারণ নির্দেশিকা। আপনার আইনি পরামর্শ হিসাবে এর উপর নির্ভর করা উচিত নয়, এবং আমরা আপনাকে আপনার পরিস্থিতি সম্পর্কে একজন আইনজীবীর সাথে কথা বলার পরামর্শ দিই। মুদ্রণের সময় এই তথ্য সঠিক ছিল; যদিও, এটি পরিবর্তিত হতে পারে।

**আরও তথ্যের জন্য 1800 WDVCAS (1800 938 227) নম্বরে কল করুন।**

অনলাইনে প্রচারপত্র অর্ডার করুন এখানে
www.legalaid.nsw.gov.au/ways-to-get-help/publications-and-resources

## Languages

This brochure is available in Arabic, Bengali, Chinese (Traditional) Chinese (Simplified), Dari/Farsi, English, Fijian, Hindi, Indonesian, Korean, Punjabi, Samoan, Spanish, Tagalog, Thai, Tongan, Vietnamese.

## আপনার কি একজন দোভাষী প্রয়োজন?

আপনার ভাষায় আমাদের সাথে কথা বলার জন্য আপনার যদি সাহায্যের প্রয়োজন হয় তবে ট্রান্সলেটিং অ্যান্ড ইন্টারপ্রেটিং সার্ভিস (TIS) এর সাথে 131 450 নম্বরে (সকাল 9 টা - বিকেল 5 টা নাগাদ) কল করুন।

## আপনার কি শুনতে বা কথা বলতে অসুবিধা হয়?

আপনি যদি বধির হন, বা যদি আপনার কানে শোনা বা কথা বলা জনিত প্রতিবন্ধকতা থাকে, আমাদের সাথে www.accesshub.gov.au/about-the-nrs ন্যাশনাল রিলে সার্ভিস (NRS) এর মাধ্যমে যোগাযোগ করুন।

লিগ্যাল এইড NSW দ্বারা অর্থসংস্থানকৃত

## আমাদের পরিচয়

মহিলাদের গার্হস্থ্য সহিংসতা আদালতের ওকালতি পরিষেবা (WDVCAS) হল স্থানীয়, সম্প্রদায়-ভিত্তিক পরিষেবা যা যেসব মহিলা এবং তাদের সন্তানরা গার্হস্থ্য এবং পারিবারিক সহিংসতা (DFV) বিষয়ে তথ্য ও সহায়তা চান তাদের আদালতের কাছ থেকে কীভাবে সুরক্ষা পাওয়া যেতে পারে সে সম্পর্কে তথ্য এবং সহায়তা সরবরাহ করে।

এই পরিষেবাগুলি লিগ্যাল এইড (Legal Aid) NSW দ্বারা অর্থায়ন করা হয়।

## আদালতের সম্মুখে

আপনার যদি কোনো গার্হস্থ্য সহিংসতার ঘটনা থাকে যা আদালতে যাচ্ছে, WDVCAS আপনাকে প্রয়োজনীয় তথ্য দিতে পারে। তারা আপনাকে সাহায্য করার জন্য অন্যান্য সংস্থা এবং পরিষেবার কাছেও পাঠাতে পারে।

## আদালতে

WDVCAS নিশ্চিত করবে যেন আপনার আদালতে বসার জন্য একটি নিরাপদ জায়গা থাকে, কী ঘটছে সে সম্পর্কে আপনাকে তথ্য দেবে এবং আপনার পরিস্থিতির জন্য সর্বোত্তম ফলাফল পেতে আপনার সাথে কাজ করবে। তারা আপনাকে ভবিষ্যতের আদালতের তারিখ সহ আপনার মামলা সম্পর্কে আপ টু ডেট রাখবে।

## আদালতের পর

WDVCAS আপনাকে অন্যান্য পরিষেবাগুলিতে সুপারিশ করতে পারে যা আপনাকে আবাসন, আয় সহায়তা, বাচ্চাদের চাহিদা, পারিবারিক আইন এবং পরামর্শ পেতে সাহায্য করতে পারে। নির্যাতন অব্যাহত থাকলে কী করতে হবে সে সম্পর্কে তারা আপনাকে তথ্য দিতে পারে।

WDVCAS-গুলি হল সমস্ত মহিলাদের জন্য সাংস্কৃতিকভাবে নিরাপদ পরিষেবা। আমাদের সাংস্কৃতিক এবং ভাষাগতভাবে বৈচিত্র্যময় কর্মী রয়েছে যারা আপনাকে সমর্থন করতে পারে।



# হেফাজতাধীন সহিংসতা বিষয়ক আদেশ সম্পর্কে তথ্য

## AVO কি?

একটি AVO হল একটি হেফাজতাধীন সহিংসতা বিষয়ক আদেশ। এটি পারিবারিক সহিংসতার ভুক্তভোগী ব্যক্তিদের রক্ষা করার জন্য একটি আদেশ যখন তারা তাদের নিরাপত্তা নিয়ে ভয় পাচ্ছেন। এগুলিকে কখনও কখনও নিয়ন্ত্রণ আদেশ বা সুরক্ষাদান আদেশ বলা হয়।

## দুই ধরনের AVO হয়:

**হেফাজতাধীন গার্হস্থ্য সহিংসতা বিষয়ক আদেশ (ADVO)।** এটি এমন জায়গায় করা হয় যেখানে সংশ্লিষ্ট ব্যক্তিরা পরস্পর আত্মীয় বা কোনও সম্পর্কের মধ্যে রয়েছেন।

**হেফাজতাধীন ব্যক্তিগত সহিংসতা বিষয়ক আদেশ (APVO)।** এটি এমন জায়গায় তৈরি করা হয় যেখানে সংশ্লিষ্ট ব্যক্তিরা পরস্পর আত্মীয় নয় বা যাদের মধ্য কোনও সম্পর্ক নেই, উদাহরণস্বরূপ, তারা প্রতিবেশী বা একসাথে কাজ করেন।

AVO কোনও ফৌজদারি অভিযোগ নয়। এটি আপনার ভবিষ্যত্ সুরক্ষার জন্য একটি আদেশ। একটি AVO অন্য ব্যক্তির আচরণের সীমা নির্ধারণ করে, যাতে আপনি তুলনামূলকভাবে নিরাপদ বোধ করতে পারেন। আপনার যদি সন্তান থাকে তবে আদেশটি তাদেরও সুরক্ষা দেবে।

## আমি কীভাবে AVO এর জন্য আবেদন করব?

AVOর জন্য আবেদন করার দুটি উপায় রয়েছে। আপনি আপনার স্থানীয় আদালতে একটি ব্যক্তিগত আবেদন করতে পারেন, বা পুলিশ আপনার হয়ে আবেদন করতে পারে। WDVCAS- ব্যক্তিগত এবং পুলিশ উভয় আবেদনপত্র সম্পর্কে তথ্য সরবরাহ করতে পারে এবং আপনার প্রয়োজন হলে আপনাকে আইনি পরামর্শ দেওয়ার ব্যবস্থা করবে।

WDVCAS আদালতে পদ্ধতিটি ব্যাখ্যা করবে। আপনার AVO -এর শর্তগুলি আপনার প্রয়োজন অনুসারে উপযুক্ত কিনা তা নিশ্চিত করার জন্য তারা আপনার, পুলিশ বা আপনার আইনজীবীর সাথে কাজ করবে। যদি অন্য ব্যক্তির বিরুদ্ধে পুলিশ কোনও অপরাধের অভিযোগ আনে তবে আপনাকে সহায়তা করার জন্য তথ্যও দেওয়া যেতে পারে।

## আমাকে কি আদালতে যেতে হবে?

হ্যাঁ। আপনার পক্ষে আদালতে যাওয়াই সবচেয়ে ভালো, যেন আদালতের কাছে আপনার মামলা সম্পর্কে সর্বাধিক আপ টু ডেট তথ্য থাকতে পারে এবং আপনি আপনার পরিস্থিতি সম্পর্কে কী করতে চান তা জানতে পারে। WDVCAS -এর কর্মীরা আপনাকে সহায়তা করার জন্য আদালতে উপস্থিত থাকবে। তারা কী ঘটছে তা ব্যাখ্যা করবে এবং আপনার চলমান প্রয়োজনের জন্য আরও তথ্য সরবরাহ করবে।

## আমি আমার সঙ্গীর সঙ্গে থাকতে চাই। মহিলাদের গার্হস্থ্য সহিংসতা আদালত ওকালতি পরিষেবা কি আমাকে সাহায্য করতে পারে?

হ্যাঁ। আপনি এখনও একটি AVO -এর জন্য আবেদন করতে পারেন যা আপনাকে সুরক্ষা দেয় তবে আপনাকে আপনার সঙ্গীর সাথে থাকতে দেয়। অনেকগুলি বিভিন্ন শর্ত রয়েছে যা একটি আদেশে অন্তর্ভুক্ত করা যেতে পারে যাতে এটি আপনার পরিস্থিতির উপযুক্ত হয় এবং WDVCAS আপনার সাথে সেগুলি নিয়ে আলোচনা করবে।

আপনার যদি ইতিমধ্যেই একটি আদেশ থাকে কিন্তু আপনার পরিস্থিতি পরিবর্তিত হয়, আপনি আপনার AVO পরিবর্তন করার বিষয়ে WDVCAS-এর সাথে কথা বলতে পারেন।

## আমি যদি AVO না চাই তবে কী হবে?

এমনকি যদি আপনি মনে করেন যে সমস্যাগুলি শান্ত হয়ে গেছে, তবে আবেদনটি প্রত্যাহার করে নেবার বিষয়ে চিন্তা করার আগে পরামর্শ নেওয়াই সবচেয়ে ভালো।

মনে রাখবেন, এটি কোনও ফৌজদারি অভিযোগ নয়, এটি আপনাকে এবং আপনার সন্তানদের ভবিষ্যতের সহিংসতা এবং নির্যাতন থেকে সুরক্ষিত রাখার ব্যাপার। WDVCAS আপনাকে তথ্য দিতে পারে এবং AVO-র জন্য আবেদন করা সম্পর্কে আপনার কোনও উদ্বেগ থাকলে সেই নিয়ে আলোচনা করতে পারে।

যদি পুলিশ AVO-র জন্য আবেদন করে থাকে তবে আপনি আবেদনটি প্রত্যাহার করতে সক্ষম নাও হতে পারেন, বিশেষত যদি শিশুরা জড়িত থাকে, বা পুলিশ যদি বিশ্বাস করে যে কোনও অপরাধ সংঘটিত হয়েছে বা সংঘটিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

WDVCAS এটি আরও ব্যাখ্যা করতে পারে।



## যদি অভিযুক্ত AVO -এর শর্তগুলির মধ্যে একটি লঙঘন করে (AVO ভঙ্গ করে) তবে কী হবে?

যে কোনো আপদকালীন পরিস্থিতিতে ‘000’ নম্বরে ফোন করুন এবং পুলিশের সাহায্য চান।

AVO -এর কোনও শর্ত লঙঘন একটি ফৌজদারি অপরাধ। আপনাকে AVO -এর কোনও শর্ত লঙঘনের কথা পুলিশকে জানানো উচিত। পুলিশ তদন্ত করবে এবং সিদ্ধান্ত নেবে যে AVO লঙঘনের জন্য বিবাদীটিকে অভিযুক্ত করা হবে কিনা।

## আদালতে AVO তৈরি হওয়ার পরে কী ঘটে?

যদি আদালতে কোনও AVO তৈরি করা হয় তবে আপনার একটি কপি পাওয়া গুরুত্বপূর্ণ। অনুগ্রহ করে এই বিষয়ে WDVCAS এর সাথে কথা বলুন।

AVO এর বেশ কয়েকটি কপি তৈরি করুন এবং সব সময় আপনার কাছে একটি কপি রাখুন। আপনি বাচ্চাদের স্কুলে একটি কপি দিতে চাইতে পারেন, গাড়িতে, কর্মক্ষেত্রে এবং বাড়িতে একটি কপি রাখতে পারেন।

আপনার যদি আরও কোনও তথ্য বা সহায়তার প্রয়োজন হয় তবে WDVCAS কে কল করুন। আপনার নিকটতম WDVCAS সন্ধান করতে, **1800 WDVCAS (1800 938 227)** নম্বরে কল করুন।

## আদালতে ব্যবহৃত সাধারণ পরিভাষা বা শব্দ

### সম্মতি

কখনও কখনও বিবাদী তাদের বিরুদ্ধে একটি AVO তৈরি করতে সম্মত হবেন। যদি তাই হয়, তবে মামলাটি পরবর্তী তারিখে শুনানিতে যেতে হবে এমন নয়। বিবাদী 'অস্বীকার' সম্মতি দিতে পারে যার অর্থ তারা AVO -এর সাথে সম্মত তবে AVO আবেদনের তথ্য স্বীকার করেন না।

### আদালতের তালিকা

এটি হল প্রতিদিন আদালতে বিচারাধীন মামলার তালিকা। কিছু আদালতে একটি AVO তালিকার দিবস রয়েছে যাতে বেশিরভাগ AVO মামলার প্রতি সপ্তাহে একই দিনে শুনানি হয়।

### পরস্পর-আবেদনপত্র দেওয়া

কখনও কখনও একটি AVO মামলার বিবাদী সুরক্ষাপ্রাপ্ত ব্যক্তির বিরুদ্ধে AVO এর জন্য আবেদন করবেন। যদি এটি আপনার সাথে ঘটে থাকে তবে সরাসরি সহায়তার জন্য আপনার স্থানীয় WDVCAS-এর সাথে যোগাযোগ করুন বা আইনি পরামর্শ নিন।

### বিবাদী

যে ব্যক্তির বিরুদ্ধে AVO হয়েছে।

### চূড়ান্ত আদেশ

আদালতের কার্যক্রম শেষে আদেশটি দেয়া হয়। এটি ততক্ষণ স্থায়ী হয় যতক্ষণ আদালত মনে করে যে আপনার এটি প্রয়োজন। একটি AVO -এর প্রামাণ্য মেয়াদ হল দুই বছর। আদেশের শর্তাবলী পরিবর্তন করতে বা AVO বাড়ানোর প্রয়োজন না হলে আপনাকে আদালতে ফিরে যেতে হবে না।



### অন্তর্বর্তীকালীন আদেশ

এমন একটি আদেশ যা পরবর্তী আদালতের তারিখ পর্যন্ত স্থায়ী হয়।

### ম্যাজিস্ট্রেট

ম্যাজিস্ট্রেটরা আদালত পরিচালনা করেন এবং সিদ্ধান্ত নেন যে AVO তৈরি করতে হবে কিনা, কোন শর্তগুলি অন্তর্ভুক্ত করা উচিত হবে এবং কতক্ষণ পর্যন্ত। আদালতে তাদের বলা হয় 'ইয়োর অনার'।

### উল্লেখ্য

এটি সেই তারিখ যখন আপনার মামলা আদালতে রয়েছে। যদি বিবাদী AVO -তে সম্মতি না দেন তবে এটি অন্য দিনে শুনানিতে যাবে। আপনার প্রতিটি উল্লিখিত তারিখে আদালতে যাওয়ার চেষ্টা করা উচিত (একাধিক বার যেতে হতে পারে)। আপনি যদি যেতে না পারেন তবে তাদের জানাতে WDVCAS-কে কল করুন।

### পুলিশের প্রসিকিউটর

পুলিশ প্রসিকিউটররা পুলিশের পক্ষে আদালতে তথ্য দেয়, যেমনটি আইনজীবীরা ব্যক্তিগত আবেদনকারীদের পক্ষে করেন।

### ব্যক্তিগত আবেদনপত্র

এগুলি হল AVO-এর জন্য যে ব্যক্তি সুরক্ষার প্রয়োজন তার দ্বারা তৈরি করা আবেদন। আপনি নিজেই স্থানীয় আদালতে আবেদন করতে পারেন বা আপনার হয়ে আবেদন করার জন্য একজন আইনজীবী জোগাড় করতে পারেন। WDVCAS আপনাকে একজন আইনজীবী খুঁজে পেতে সহায়তা করতে পারে।

### সুরক্ষাপ্রাপ্ত ব্যক্তি

যে ব্যক্তিকে রক্ষা করার জন্য AVO তৈরি করা হয়েছে।

### অস্থায়ী আদেশ (PO)

আপনার আদালতের তারিখ পর্যন্ত আপনাকে রক্ষা করার জন্য আপদকালীন অবস্থায় একটি অস্থায়ী আদেশ পাবার জন্য পুলিশের আবেদনপত্র।

## দরকারী সুপারিশসমূহ

### NSW পুলিশ বাহিনী
গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতা সম্পর্কিত আপদকালীন সহায়তা
**000** অথবা মোবাইল থেকে **112**

### মহিলাদের গার্হস্থ্য সহিংসতা আদালতের ওকালতি পরিষেবা
গার্হস্থ্য সহিংসতার পরিস্থিতিতে মহিলাদের তথ্য, আদালতের ওকালতি ও সুপারিশ এবং ADVO পেতে সহায়তা করে।
**1800 WDVCAS** বা **1800 938 227**

### 1800 রেসপেক্ট (RESPECT)
কাউন্সেলিং, তথ্য এবং সুপারিশ (24 ঘণ্টা, 7 দিন)
**1800 RESPECT** অথবা **1800 737 732**

### গার্হস্থ্য সহিংসতা লাইন NSW, সম্প্রদায় ও বিচার বিভাগ
আপদকালীন বাসস্থান এবং কাউন্সেলিং, স্বাস্থ্য এবং আইনি পরিষেবাগুলি বিষয়ক সুপারিশ করার সহায়তা (24 ঘণ্টা, 7 দিন)
**1800 656 463**

### গার্হস্থ্য সহিংসতা ইউনিট, লিগ্যাল এইড NSW
গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতার ভুক্তভোগী ব্যক্তিদের আইনি পরামর্শ, সহায়তা, সুপারিশ এবং প্রতিনিধিত্বের পাশাপাশি সামাজিক কাজে সহায়তাদান
**1800 979 529**

### মহিলাদের আইনি পরিষেবা NSW - DV আইনি পরামর্শদান লাইন
গার্হস্থ্য সহিংসতা এবং হেফাজতাধীন গার্হস্থ্য সহিংসতার আদেশগুলির উপর দৃষ্টি নিবদ্ধ করে NSW -তে মহিলাদের জন্য বিনামূল্যে গোপনীয় আইনি তথ্য, পরামর্শ এবং সুপারিশ দেওয়া হয়। **(02) 8745 6999** অথবা **1800 810 784**



## ভুক্তভোগীদের পরিষেবা

অপরাধের ভুক্তভোগীদের জন্য সমর্থন এবং সহায়তা।
**1800 633 063, 1800 019 123** (আদিবাসীদের জন্য যোগাযোগের লাইন)

## লাইফলাইন

জাতীয় সংকট এবং আত্মহত্যা প্রতিরোধ টেলিফোন কাউন্সেলিং, (24 ঘণ্টা, 7 দিন)
**13 11 14**

## লিংক2হোম (Link2Home)

NSW জুড়ে গৃহহীন পরিষেবাগুলির সুপারিশ (24 ঘণ্টা, 7 দিন)
**1800 152 152**

## লঅ্যাক্সেস (LawAccess) NSW

লিগাল এইড NSW পরিচালিত একটি বিনামূল্যে প্রাপ্ত তথ্য পরিষেবা। NSW এ আইনি সমস্যায় থাকা ব্যক্তিদের জন্য আইনি তথ্য এবং সুপারিশ সরবরাহ করে। ওয়েবসাইটে প্রাপ্ত ওয়েব চ্যাট পরিষেবাটি অ্যাক্সেস করুন অথবা **1300 888 529** নম্বরে কল করুন (সোমবার থেকে শুক্রবার সকাল 9 টা থেকে বিকেল 5 টা নাগাদ (সরকারি ছুটির দিন বাদে))।
www.legalaid.nsw.gov.au

## মেন্সলাইন অস্ট্রেলিয়া (MensLine Australia)

পারিবারিক সহিংসতার ভুক্তভোগী পুরুষ এবং অপরাধীদের জন্য ফোন সহায়তা এবং সুপারিশ **1300 789 978**

## মেনস বিহেভিয়র চেঞ্জ প্রোগ্রামস NSW

মেনস বিহেভিয়র চেঞ্জ প্রোগ্রামস (MBCP) এমন পুরুষদের নিয়ে কাজ করে যারা (প্রাক্তন) সঙ্গী এবং তাদের বাচ্চাদের সাথে সহিংসতা করেন এবং অপব্যবহার করেন। সরকারি মান্যতা প্রাপ্ত পরিষেবা সরবরাহকারীদের একটি তালিকা পেতে কমিউনিটিস অ্যান্ড জাস্টিস (Communities and Justice) ওয়েবসাইট দেখুন।
www.dcj.nsw.gov.au

## LGBTIQ বিশেষজ্ঞ পরিষেবা

### ACON

LGBTIQ স্বাস্থ্য সংস্থা DFV সহ NSW তে LGBTIQ ব্যক্তিদের জন্য তথ্য, সুপারিশ, কাউন্সেলিং, ওকালতি পরামর্শ এবং ব্যবহারিক সহায়তা সরবরাহ করে।

**(02) 9206 2000**

www.acon.org.au

### ইনার সিটি লিগ্যাল সেন্টার

পুরুষ সমকামী, স্ত্রী সমকামী বা উভকামী; যারা ট্রান্সজেন্ডার; এবং যারা আন্তঃলিঙ্গ বা ইন্টারসেক্স এবং একটি অপমানজনক সম্পর্কের অভিজ্ঞতার ভোগ করছেন বা এড়িয়ে যাচ্ছেন তেমন ব্যক্তিদের জন্য আদালতের সহায়তা এবং অন্যান্য সহায়তা প্রদান।

**1800 244 481**

www.iclc.org.au



AUG 2023 / আগ 2023

MNLA60744